# নির্বাচনকে ঘিরে আধিপত্যবাদী শক্তির ষড়যন্ত্র হচ্ছে: নাহিদ ইসলাম



কেরানীগঞ্জে ১১ দলীয় জোটের নির্বাচনি জনসভায় বক্তব্যকালে নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

কেরানীগঞ্জে ১১ দলীয় জোটের জনসভায় জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম অভিযোগ করেন, আসন্ন সংসদ নির্বাচনে আধিপত্যবাদী শক্তি দেশকে প্রভাবিত করার চেষ্টা করছে।

শনিবার (৩১ জানুয়ারি) বিকেলে অনুষ্ঠিত সভায় তিনি বলেন, এবারের নির্বাচন শুধু ভোটের লড়াই নয়, এটি দেশের সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষার লড়াই। "আমরা ঠিক করতে হবে, দেশের মানুষ কি আরও হত্যাকাণ্ড, শহিদদের লাশ দেখবে, নাকি বাংলাদেশ মাথা তুলে দাঁড়াবে।"

ঢাকা জেলায় ১১ দলীয় জোটের পক্ষ থেকে পাঁচজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। তারা হলেন ব্যারিস্টার মো. নজরুল ইসলাম (ঢাকা-১), অবসরপ্রাপ্ত কর্নেল মো. আব্দুল হক (ঢাকা-২), অধ্যক্ষ মো. শাহিনুর রহমান (ঢাকা-৩), দিলশানা পারুল (ঢাকা-১৯) ও ইঞ্জিনিয়ার নাবিলা তাসনিম (ঢাকা-২০)।

নাহিদ ইসলাম আহ্বান জানান, ১২ ফেব্রুয়ারির নির্বাচনে ১১ দলীয় জোটের মনোনীত প্রার্থীদের ভোট দিয়ে জয় নিশ্চিত করতে। বিশেষভাবে ঢাকা-১৯ ও ঢাকা-২০ আসনে দুইজন নারী প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন, যারা সন্ত্রাস, দুর্নীতি ও বৈষম্যের বিরুদ্ধে লড়াই করছেন।

LENS ASIA